

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯৩১

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - উত্তম সদাকার বর্ণনা

بَابُ أَفْضَلَ الصَّدَقَةِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «دينَار أنفقته فِي رَقَبَةٍ وَدينَارٌ تَصندَّقْتَ بِهِ عَلَى مِسْكِينٍ وَدينَارٌ أنفقته فِي رَقَبَةٍ وَدينَارٌ تَصندَّقْتَ بِهِ عَلَى مِسْكِينٍ وَدينَارٌ أَنفقته عَلَى أَهْلِكَ أَعْظَمُهَا أَجْرًا الَّذِي أنفقته على أهلك» . رَوَاهُ مُسلم

বাংলা

১৯৩১-[৩] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এক রকম দীনার তাই যা তোমরা আল্লাহর পথে খরচ করো। এক রকম দীনার সেটাই যা তুমি গোলাম আযাদ করার জন্য খরচ করো। এসব দীনারের মধ্যে সাওয়াবের দিক দিয়ে সবচেয়ে মর্যাদাবান হলো যা তুমি তোমার পরিবার-পরিজনের জন্য খরচ করো। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৯৯৫, আহমাদ ১০১৭৪, সুনানুল কুবরা লিল বায়হাকী ১৫৬৯৭, সহীহ আত্ তারগীব ১৯৫১, সহীহ আল জামি' আস্ সগীর ৮৭৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: "ফী সাবীলিল্লা-হ" বা 'আল্লাহর রাস্তা' দ্বারা বিশেষভাবে যুদ্ধ-জিহাদ কিংবা ব্যাপকভাবে যে কোন কল্যাণকর কাজকে বুঝানো হয়েছে। এ হাদীস দ্বারা প্রমাণিত হয় যে, আল্লাহর রাস্তায় বা বন্দি মুক্তি (দাস আযাদ) কিংবা ফকির-মিসকীনদেরকে দান করার চেয়ে নিজ পরিবারের ওপর খরচ করা অধিক ফাযীলাতপূর্ণ। নিজ পরিবারের ওপর খরচ করা সর্বোত্তম।

সাধারণত এর কারণ দু'টি হতে পারে। (এক) নিজ পরিবারের ওপর খরচ করা ফরয। আর ফরয সাধারণত



নফলের চেয়ে উত্তম। (দুই) নিজ পরিবারের ওপর খরচ করলে দান করার ও সম্পর্ক রক্ষা করা উভয় সাওয়াবই পাওয়া যায়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন